

২০২৩

## বাংলা

(মাইনর)

(এন ই পি পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

প্রথম সেমেস্টার

কোর্স কোড : BENG-GG-101

বাংলা সাহিত্যের ইতিহাস (প্রাচীন ও মধ্যযুগ) ও বাংলা ভাষাতত্ত্ব  
 পূর্ণমান : ৪০ সময় : ২ ঘন্টা

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।

- ১। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০
- ক) চর্যাপদ কী নামে কবে বঙ্গীয় সাহিত্য পরিষদ থেকে প্রকাশিত হয়?
- খ) বিদ্যাপতি রচিত চারটি গ্রন্থের নাম লেখো।
- গ) শ্রীকৃষ্ণকীর্তন কী ধরনের রচনা? কবির নাম কী?
- ঘ) শ্রীকৃষ্ণকীর্তন কাব্যের প্রথম চারটি খণ্ডের নাম লেখো।
- ঙ) কবি কৃষ্ণিবাস অনূদিত রামায়ণের নাম কী? তাঁর জন্ম কোথায় হয়েছিল?
- চ) রামপ্রসাদ সেন-এর একটি গানের প্রথম দুটি ছত্র লেখো।
- ছ) ধর্ম > ধন্ম - কী ধরনের ধ্বনি পরিবর্তন? তার সংজ্ঞা দাও।
- জ) বাংলাভাষায় ক'টি মৌলিক স্বরধ্বনি ও কী কী?

[পরের পাতায়]

২। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

৫×২=১০

- ক) বৈষ্ণব পদকর্তা গোবিন্দদাসের কবিসত্তার পরিচয় দাও।
- খ) 'শ্রী শ্রী চৈতন্যচরিতামৃত' গ্রন্থটির বিশেষত্বগুলি লেখো।
- গ) ধ্বনির আগম প্রক্রিয়াটি সংক্ষেপে আলোচনা করো।
- ঘ) শাক্ত পদ রচনায় কমলাকান্ত ভট্টাচার্যের কৃতিত্বের পরিচয় দাও।

৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

১০×২=২০

- ক) শ্রীকৃষ্ণকীর্তন কাব্যের কাহিনির সংক্ষিপ্ত পরিচয় দিয়ে বড়ু চন্ডীদাসের কবিপ্রতিভার মূল্যায়ণ করো।
- খ) মহাভারতের অনুবাদক হিসাবে কাশীরাম দাসের কৃতিত্বের পরিচয় দাও।
- গ) বাংলার সমাজ ও সাহিত্যে চৈতন্যদেবের প্রভাব আলোচনা করো।
- ঘ) মধ্য বাংলার ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্য আলোচনা করো।